দৈনিক
ইত্তেফাক

তারিখ 23 DEC 2015
পৃষ্ঠা ২০ কলাম ৬

# দিল্লিতে বাংলাদেশি ছাত্রীকে যৌন হয়রানি অধ্যাপক বরখাস্ত

■ ইত্তেফাক ডেস্ক

ভারতের দিল্লিতে জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বাংলাদেশি এক ছাত্রীকে যৌন হয়রানির দায়ে অভিযুক্ত ওই বিশ্ববিদ্যালয়ের এক অধ্যাপককে বরখাস্ত করা হয়েছে। তবে কারও পরিচয় এখনো প্রকাশ করেনি কর্তৃপক্ষ। বাংলাদেশি ঐ ছাত্রী বরখাস্ত হওয়া অধ্যাপকের অধীনে গবেষণা করছিলেন। বেশ কিছুদিন আগে অধ্যাপকের বিরুদ্ধে তিনি যৌন হয়রানির অভিযোগ আনেন। ওই অভিযোগ তদন্তের পর অধ্যাপক দোষী প্রমাণিত হলে তাকে বরখাস্তের সিদ্ধান্ত নেয়া হয় বলে বিবিসি বাংলার এক খবরে গতকাল জানানো হয়েছে।

দিল্লির গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়। বাংলাদেশের বহু শিক্ষার্থী এই বিশ্ববিদ্যালয়ে বর্তমানে পড়াশোনা ও গবেষণা করছেন। পৃষ্ঠা ২ কলাম ৩

## দিল্লিতে বাংলাদেশি

২০ পৃষ্ঠার পর

ভারতে যৌন নির্যাতনের ঘটনা নতুন কিছু নয়। সম্প্রতি ভারতের কেন্দ্রীয় সরকার ও দিল্লি সরকার উভয়ে জানিয়েছে দেশটির যেসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে যৌন হয়রানির অভিযোগ আসে তার মধ্যে সবচেয়ে বেশি অভিযোগ আসে জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় থেকেই। গত বছর দিল্লির ১৬টি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান থেকে একশ'র বেশি যৌন হয়রানির অভিযোগ জমা পড়েছে। এর মধ্যে অর্ধেকের বেশি অভিযোগ এসেছে শুধু এই বিশ্ববিদ্যালয় থেকে।

সেই প্রেক্ষাপটেই সোমবার সন্ধ্যায় শিক্ষক বরখাস্তের ঘটনা ঘটেছে। তবে যৌন হয়রানির অভিযোগে শিক্ষক বরখাস্ত করার ঘটনা বেশ বিরল।